



জবি/পরিবহন/সাধারণ/১৪/ ৬২৬

তারিখ: ১৪ পৌষ, ১৪২৮ বঙ্গাব্দ  
২৯ ডিসেম্বর, ২০২১ খ্রি:

প্রেরক  
পরিবহন প্রশাসক  
জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা।

প্রাপক  
পরিচালক/চেয়ারম্যান  
..... ইনস্টিটিউট/বিভাগ।  
জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা।


বিষয় : অফলাইনে পরীক্ষার প্রণীত রুটিন-এর কপি প্রদান প্রসঙ্গে।

মহোদয়

উপর্যুক্ত বিষয়ে আপনি অবগত আছেন যে, গত ১৩ সেপ্টেম্বর, ২০২১ তারিখের জবি/প্রশা-৩২/২০০৭/৭৩৬ সংখ্যক স্মারক-এর বিজ্ঞপ্তির সিদ্ধান্ত অনুযায়ী অফলাইনে গত ০৭ অক্টোবর, ২০২১ হতে বিশ্ববিদ্যালয়ের সকল ইনস্টিটিউট ও বিভাগে সশরীরে পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। এতদুপলক্ষ্যে বিশ্ববিদ্যালয় থেকে পরীক্ষার্থীদের ও সম্মানিত শিক্ষকবৃন্দের যাতায়াতের জন্য নির্ধারিত রুটে বিশ্ববিদ্যালয়ের যানবাহন চলাচল করছে। একটি সু-সমন্বিত যাতায়াত ব্যবস্থাপনার জন্য আপনার ইনস্টিটিউট/বিভাগের প্রণীত পরীক্ষার রুটিন পরিবহন প্রশাসনের জন্য প্রয়োজন। উল্লেখ্য যে, গত ১৬ সেপ্টেম্বর, ২০২১ খ্রি:/০১ আশ্বিন, ১৪২৮ বঙ্গাব্দ তারিখে জবি/পরিবহন/সাধারণ/১৪/৫৮৭ সংখ্যক স্মারক-এ সকল ইনস্টিটিউট/বিভাগের প্রণীত পরীক্ষার রুটিন পরিবহন অফিসে প্রদানের জন্য পত্র প্রেরণ করা হয়েছিল।

অতএব, আপনার ইনস্টিটিউট/বিভাগের প্রণীত পরীক্ষার রুটিন এবং সময়ে সময়ে পরিবর্তিত রুটিন প্রণয়নের পরে এর একটি সফট কপি যথা শীঘ্র সম্ভব ই-মেইলে (mdshossin1980@gmail.com) এবং একটি হার্ড কপি বাহকের নিকট প্রদানের জন্য আপনার প্রতি একান্তভাবে অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,


  
(অধ্যাপক আবদুল্লাহ আল মাসুদ)  
পরিবহন প্রশাসক  
জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা।

জবি/পরিবহন/সাধারণ/১৪/ ৬২৬

তারিখ: ১৪ পৌষ, ১৪২৮ বঙ্গাব্দ  
২৯ ডিসেম্বর, ২০২১ খ্রি:

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ০১। ডীন, সকল অনুষদ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়;
- ০২। পরিচালক, আইসিটি সেল/ পিআরআইপি, জবি (ওয়েবসাইটে দেয়ার অনুরোধসহ);
- ০৩। ডেপুটি রেজিস্ট্রার ও পিএস. টু ভিসি, উপাচার্য দপ্তর, জবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ০৪। উপ-পরিচালক (অডিট), ট্রেজারার দপ্তর, জবি (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ০৫। সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার দপ্তর, জবি (রেজিস্ট্রার মহোদয়ের অবগতির জন্য);
- ০৬। অফিস কপি।

  
(মোহাম্মদ শাহাদাত হোসেন)

ডেপুটি রেজিস্ট্রার  
পরিবহন পুল  
জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা।